# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

## ১ সপ্তাহের মধ্যে পুলিশ হেফাজতে ১জন নারী ও ১জন যুবকের মৃত্যুর ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর গভীর উদ্বেগ এবং তদন্তের দাবি

ঢাকা, ২২ জুন ২০২৫- কুমিল্লা ও কিশোরগঞ্জ জেলার দুটি থানায় পুলিশ হেফাজতে ১জন নারী ও ১জন যুবকের মৃত্যুতে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর উদ্বেগ প্রকাশ করছে এ পৃথক দুটি ঘটনার সুষ্ঠু বিচার নিশ্চিতে অবিলম্বে সুষ্ঠু তদন্তের আহ্বান জানাচ্ছে।

গণমাধ্যম সূত্রে জানা যায়, ১৯ জুন ২০২৫ তারিখে কুমিল্লার মুরাদনগর উপজেলার বাঙ্গরা বাজার এলাকা থেকে শেখ জুয়েল (৩৫) নামে একজন যুবককে মাদকবিরোধী অভিযানে আটক করে পুলিশ। আটক অবস্থায় থানা হেফাজতে অসুস্থ হয়ে পড়লে তাঁকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়, সেখানে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। পরিবারের সদস্যদের অভিযোগ, জুয়েল পুলিশি নির্যাতনের শিকার হয়েই মৃত্যুবরণ করেছে।

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ অনুযায়ী, গত ১৩ জুন দিবাগত রাতে কিশোরগঞ্জের কটিয়াদী পৌর এলাকায় গভীর রাতে যৌথ বাহিনীর অভিযানে ফিরোজা বেগম (৫০) নামের এক নারীকে আটক করা হয়। তাঁর বিরুদ্ধে কোনো গ্রেপ্তারি পরোয়ানা না থাকা সত্ত্বেও তাঁকে থানায় নিয়ে যাওয়া হয় বলে গনমাধ্যম সূত্রে জানা যায়। পুলিশের ভাষ্যমতে,পরদিন সকালে থানা হেফাজতে অসুস্থ্য লক্ষ্য করলে, পুলিশ কটিয়াদি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরিবারের সদস্যদের অভিযোগ, পুলিশ বাসায় এসে স্বামীকে না পেয়ে এই নারীকে আটক করে এবং আটকের সময়ে একজন নারী পুলিশ সদস্য তাকে মারধর করেছিলেন বলেও পরিবারের পক্ষ থেকে দাবি করা হয়েছে।

উল্লেখ্য, উভয় ঘটনার ক্ষেত্রেই নিহতদের পরিবারের পক্ষ থেকে পুলিশের বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে। রাষ্ট্র কর্তৃক আটককৃত ব্যক্তির সুরক্ষা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব।

এইচআরএফবি এই দুইটি ঘটনার স্বাধীন, নিরপেক্ষ ও দ্রুত বিচারিক তদন্ত দাবি করছে এবং দায়ীদের যথাযথ আইনানুগ শাস্তির আওতায় আনার দাবি জানাচ্ছে। একইসঙ্গে নিহতের পরিবারকে ন্যায়বিচার ও ক্ষতিপূরণ প্রদানের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণের অনুরোধ জানাচ্ছে। পাশাপাশি পুলিশ হেফাজতে মৃত্যুর ঘটনায় পুলিশ কর্তপক্ষ এ পর্যন্ত কি ধরনের পদক্ষেপ নিয়েছে, বিশেষত যে সকল পুলিশ সদস্যের তত্ত্বাবধানে তারা হেফাজতে ছিলেন তাদেরকে কোন জবাবদিহিতার আওতায় আনা হয়েছে কি না, সে বিষয়ে বক্তব্য দাবি করছে। এ ছাড়াও পুলিশ হেফাজতে থাকাকালীন সময়ে আটক ব্যক্তিদের পরিবারের সদস্য বা আইনজীবির সঙ্গে সাক্ষাত করার সুযোগ দেওয়া হয়েছিল কি না, সে বিষয়ে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য দাবি করছে।

বিশেষ করে স্বৈরতন্ত্রের নিপাতের জন্য যে বিশাল আত্মত্যাগ তার মৌলিক অভীষ্টের সাথে ঘটনাগুলো সম্পুর্ণ সাংঘর্ষিক। স্বৈরাচারের পতনের পরেও একই ধরণের চর্চা অগ্রহণযোগ্য ও আত্মঘাতী। সরকার এর দায় এড়াতে পারে না। এইচআরএফবি মনে করে আইনপ্রয়োগকারি সংস্থার আমুল সংস্কার এমনভাবে নিশ্চিত করতে হবে যেন এধরনের মৌলিক অধিকার হরনের পথ চিরতরে রুদ্ধ হয়। সংস্কারের যেসব উদ্যোগ বা আলোচনা চলমান, তার মধ্যে পুলিশের মৌলিক সংস্কারের কোনো ইংগিত দেখা যাচ্ছে না, যা হতাশাজনক। এইচআরএফবি পুলিশ সংস্কারে সরকারের সুস্পষ্ট অবস্থান ও সুনির্দিষ্ট সময়বদ্ধ পথরেখাও দাবি করছে।

**হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)**
**ঢাকা, ২২ জুন ২০২৫**


**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/


**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).